# ইসিপি বার্তা

EYE CARE PROGRAM
Manabik Shahajya Sangstha
আই কেয়ার প্রোগ্রাম


## এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

| | নভেম্বর ২০২৫ | সর্বমোট (জুলাই ২০১৪ - নভেম্বর ২০২৫) |
|---|---|---|
| চক্ষু শিবির | ৬ | ৫০৫ |
| চক্ষু পরীক্ষা | ১৫৭৪ | ২২৯৫১১ |
| চশমা বিতরণ | ৩৬৯ | ৪৬২৮৩ |
| ছানি অপারেশন | ১৭৪ | ২২৬৩৫ |
| স্কুল সাইট টেস্টিং | ৩ | ২২৮ |






# উত্তরবঙ্গের প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে চক্ষুসেবা পৌঁছে দিলো আই কেয়ার প্রোগ্রাম

উত্তরবঙ্গের প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে প্রয়োজনীয় চক্ষুসেবা পৌঁছে দিতে মানবিক সাহায্য সংস্থার (এমএসএস) আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি) এই মাসে সফলভাবে মোট ৬টি বিনামূল্যে দৌড়গোড়ায় চক্ষু সেবা ক্যাম্প সম্পন্ন করেছে। রংপুরের পঞ্চগড়, তেতুলিয়া, ঠাকুরগাঁওসহ বিভিন্ন প্রান্তিক অঞ্চলের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে সেবাদানের উদ্দেশ্য নিয়ে চক্ষুসেবা ক্যাম্পগুলোর আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পগুলোর মাধ্যমে মোট ১,০০৯ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয়েছে, যার মধ্যে পুরুষ ৫১৪ জন এবং মহিলা ৫০৫ জন। তাদের মধ্যে ২৩৩ জন রোগীর দৃষ্টি জনিত সমস্যা বা অন্যান্য ত্রুটি সনাক্ত করা হয়েছে ও মাসব্যাপী কার্যক্রমে ১৬৭ জন রোগীর ছানি অপারেশন সফলভাবে সম্পন্ন হয়েছে এবং ৩১৫ জন রোগীকে বিনামূল্যে চশমা প্রদান করা হয়েছে। এছাড়াও ২৫৫ জন রোগীর রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষা করা হয়েছে এবং । চোখের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করার জন্য ক্যাম্পগুলোতে ৯২৬টি ফ্লায়ার্স এবং ২৩টি পোস্টার/প্ল্যাকার্ড বিতরণ করা হয়েছে। সার্বিকভাবে, এই কার্যক্রম প্রান্তিক জনগোষ্ঠীর কাছে বিনামূল্যে চক্ষুসেবা পৌঁছে দেওয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং তাদের চক্ষু স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বাড়াতে সহায়ক হয়েছে।

# আই কেয়ার প্রোগ্রামের সহয়তায় বদলে গেছে দরিদ্র কৃষক মজিবরের জীবন

অর্থাভাবে চিকিৎসা করাতে না পেরে ঠাকুরগাঁওয়ের দরিদ্র কৃষক মজিবরের জীবনে নেমে এসেছিল অন্ধকার-থমকে গিয়েছিল সংসার। একমাত্র উপার্জনক্ষম মানুষটির চোখে আলো না থাকায় অচল হয়ে পড়ে পুরো সংসার। পরিবার ছিল অনিশ্চয়তার ছায়ায় আচ্ছন্ন; মজিবরের মনেও নেমে আসে গভীর হতাশা। আই কেয়ার প্রোগ্রামের মাধ্যমে তার ছানি অপারেশন হওয়ার পর ফিরে পেয়েছেন দৃষ্টিশক্তি ও জীবনের নতুন আশা। এখন তিনি আবার স্বাচ্ছন্দে কাজ করতে পারেন এবং পরিবারের মুখে হাসি ফিরিয়ে এনেছেন। মজিবর বলেন-কাজ করা তো দূরের কথা, ভেবেছিলাম আমি হয়তো আর কখনও দেখতেই পাবো না। ঠিক সেই সময় আই কেয়ার প্রোগ্রাম বিনামূল্যে আমার চোখের অপারেশন করে দেয়। এখন আমি আবার এই সুন্দর পৃথিবী দেখতে পাচ্ছি, মাঠে কাজ করতে পারছি।






# ঢাকায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সুবিধাবঞ্চিত শিশুদের বিনামূল্যে চক্ষুসেবা ও চশমা প্রদান

সুবিধাবঞ্চিত শিশুদের বিনামূল্যে চক্ষুসেবা ও চশমা প্রদানের আই কেয়ার প্রোগ্রাম এমএসএস এবং আইডিএলসি ফাইন্যান্স পিএলসি'র আর্থিক সহযোগিতায় রাজধানীর গজমহল ট্যানারি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও শেরেবাংলা নগর শিশু শিক্ষা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুই দিনব্যাপী অনুষ্ঠিত হয়েছে "আইডিএলসি আই ক্যাম্প"। দৃষ্টিসীমাবদ্ধতা যেন কোনো শিশুর শেখার আনন্দ ব্যাহত না করে, এ লক্ষ্য নিয়ে আয়োজিত ক্যাম্পে মোট ৫৯০ জন শিক্ষার্থীকে চক্ষুসেবা প্রদান করা হয়। গত ১৬ নভেম্বর গজমহল ট্যানারি বিদ্যালয়ে ২৯০ জন শিক্ষার্থীকে চক্ষুসেবা ও ৪২ জনকে চশমা দেওয়া হয়। এর আগে ১২ নভেম্বর শেরেবাংলা নগরের প্রাথমিক বিদ্যালয়ে ৩০০ জনকে চক্ষুসেবা প্রদান করা হয়। পাশাপাশি ক্যাম্পে বিনামূল্যে আই ড্রপ ও চশমা বিতরণ করা হয় এবং জটিল রোগীদের এমএসএস অংশীদার হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করা হয়।


MSS
Working for the People

প্রকাশনায়ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- মানবিক সাহায্য সংস্থা
মোবাইলঃ ০১৭৩০০২৪০৩৩ ইমেইলঃ eyecareprogram.mss@gmail.com

Eye Care Program-MSS www.mssbd.org/our-program/eye-care-program Eye Care Program MSS